# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

ভারতীয় মা ও ছেলে

মোবাইল ফোনে বাংলাদেশের চট্টগ্রামের সন্দীপের এক মেয়ের সঙ্গে সম্পর্ক করেছিল ভারতের পশ্চিমবঙ্গের দক্ষিন চব্বিশ পরগনোর বাসিন্দা প্রাণ কৃষ্ণ দাস। এরপর সেই মেয়েকে বিয়ে করতে সে তার মা কাজলী দাসকে সঙ্গে নিয়ে অবৈধভাবে যশোর বেনাপোল বন্দর দিয়ে বাংলাদেশে আসে। বিয়ে শেষে ফেরার সময় বাঁধে বিপত্তি।

ঝিনাইদহ জেলার মহেশপুর উপজেলার যাদবপুর সীমান্তে বিজিবি সদস্যরা তাদের আটক করে তাদের পুলিশ সোপর্দ করে। তারপর তাদের ঠাঁই হয় ঝিনাইদহ জেলা কারাগারে। এরপর সাজা শেষে আজ বৃহস্পতিবার (২১ মার্চ) বেলা সাড়ে ১১টার দিকে চুয়াডাঙ্গার দর্শনা ইমিগ্রশন চেকপোস্টর শুন্য রেখায় বিজিবি-বিএসএফ পতাকা বৈঠকের মাধ্যমে তাদের ভারতে ফেরত পাঠায়।

দর্শনা ইমিগ্রশন চেকপোস্ট ইনচার্জ এসআই আতিকুর রহমান জানান, ২০২৩ সালের ২৩ সেপ্টম্বর দালাল চক্রের মাধ্যমে যশোরের পুটখালী সীমান্ত দিয়ে অবৈধভাবে তারা বাংলাদেশে অনুপ্রবেশ করে। এরপর চট্টগ্রাম জেলার সন্দীপ গিয়ে ছেলের পছন্দের মেয়েকে বিয়ে করায়। বউকে বাংলাদেশে রেখ বিয়ের ১৫ দিন পর ঝিনাইদহ জেলার মহেশপুর সীমান্ত দিয়ে ২০২৩ সালের ৭ অক্টোবর দালালের মাধ্যমে দেশে ফেরার সময় বিজিবির টহল দলের সদস্যরা তাদের আটক করে পুলিশ দেয়। মহশপুর থানা পুলিশ তাদের আদালতে সোপর্দ করলে বিজ্ঞ বিচারক তাদের কারাগারে পাঠানোর আদেশ দেন। ভারতের দক্ষিণ-চব্বিশ পরগোনা জেলার ফুলতলী থানার মথুরানগর কলোনী লম্রপাড়া প্লটের বাসিন্দা প্রাণ কৃষ্ণ দাস পেশায় একজন মৎসজীবি। অবৈধ অনুপ্রবেশের দায়ে ১ মাসের বিনাশ্রম কারাদন্ড ও ৫০০ টাকা জরিমানা অনাদায় আরা ১দিন সাজা হয় তাদের। এরপর কারাগারে ছিল ৪ মাস ২১ দিন। কারাভোগ শেষ চেকপাস্ট দিয়ে আনুষ্ঠানিভাব হস্তান্তর করা হয় মা ও ছেলেকে।

এ সময় ভারতীয় বিএস এফের পক্ষে উপস্থিত ছিলেন,ভারতীয় গেদে কোম্পানি কমান্ডার ভিতা সিং ইচ,
ভারতীয় ইমিগ্রেশন ইন্সপেক্টর এস কে বোস কাষ্টমস সুপার সুব্রত মন্ডল,কৃষ্ণগঞ্জ থানার সাব ইন্সপেক্টর শামসুর রহমান, কৃষ্ণগঞ্জ থানার ডি আই বি এ এস আই সাধন মন্ডল।

বাংলাদেশের পক্ষে উপস্থিত ছিলেন, দর্শনা আইসিপি ইনচার্জ সুবেদার

মন মোহন, দর্শনা চেকপোস্ট ইমিগ্রেশন ইনচার্জ আতিকুর রহমান, দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই টিপু সুলতান, ডি এস বি এ এস আই মাসুদ রানা, এ এস আই আব্দুল মোমিন দু’দেশের বিজিবি-বিএসএফ এবং ইমিগ্রশনের আরও কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

দর্শনায় গাঁজাসহ ইজিবাইক চালক জনি গ্রেফতার

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করে গাঁজাসহ মাদক ব্যবসায়ী ইজিবাইক চালক জনি আক্তারকে গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গতকাল রোববার দিবাগত রাত সোয়া ১১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে থানার এসআই তারেক হাসান সঙ্গীয় অফিসার ও ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা থানাধীন রাঙ্গিয়ারপোতা গ্রামের নতুনপাড়ায়। এসময় গ্রামের নতুনপাড়ার জনৈক মোসলেম উদ্দীনের বাড়ির সামনে রাঙ্গিয়ারপোতা- সিংনগরগামী পাঁকা রাস্তার উপর হতে সিংনগরগামী একটি ইজিবাইকের গতিরোধ করে তাতে তল্লাসী চালিয়ে চালকের হেফাজত হতে ৬ কেজি গাঁজা উদ্ধার করা সহ চালক জনি আক্তারকে (২৪) গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানাধীন বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ারপোতা গ্রামের পুরাতনপাড়ার আব্দুল কুদ্দুসের ছেলে।

সেই সাথে গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ীর নিকট হতে মাদক বহনকাজে ব্যবহৃত একটি নীল রংয়ের পুরাতন তিন চাকা বিশিষ্ট ১ লক্ষ ৫০ হাজার টাকা মূল্যের একটি ইজিবাইক উদ্ধার পূর্বক জব্দ তালিকা মোতাবেক জব্দ করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

# [redacted]

[redacted]

এরপর ফ্রি চিকিৎসা ক্যাম্প পরিচালনা করেন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্রের আর এমও মোস্তাফিজুর রহমান। তিনি এক নাগাড়ে ৭৫জন রো্গীকে চিকিৎসা প্রদান করেন এবং সহযোগী হিসাবে ছিলেন, সহকারী মেডিকেল অফিসার সোহেল রানা। সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন, সমৃদ্ধি কর্মসূচির মনোহরপুর ইউনিয়ন সমন্বয়কারী আওয়াল হোসেন ও এসডিও আসাদুজ্জামান লিটন

দর্শনায় পৃথক ভাবে বঙ্গবন্ধুর জন্মবার্ষিকী পালিত

চুয়াডাঙ্গা জেলার দর্শনায় পৃথক পৃথক ভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে দর্শনা পৌর আওয়ামীলীগের উদ্দগ্যে নানা কর্মসূচি পালিত হয়েছে।

এ উপলক্ষ্যে আজ রবিবার (১৭ মার্চ) সকাল ৯ টায় দর্শনা পৌর আওয়ামীলীগের দলীয় কার্যলয়ে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন, চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের যুগ্ন সম্পাদক ও নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, আওয়ামীলীগ নেতা, বিল্লাল হোসেন, সোলায়মান কবির, জয়নাল আবেদীন নফর, দাউদ হোসেন, দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, দর্শনা কলেজ ছাত্রলীগনেতা পারভেজ, লোমান, মিল্লাত, অনুষ্ঠানটি সঞ্চালনা করেন কলেজ ছাত্রলীগের সাধারন সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু।

শ্রদ্ধাঞ্জলি শেষে চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য বলেন, বঙ্গবন্ধু মানুষের হৃদয়ে চলার পথের বাতিঘর হয়ে থাকবেন । তাঁর আদর্শ ও দর্শন আমরা যতদিন অনুসরণ করে চলবো ততদিন এ জাতি পিছু পা হবে না। বঙ্গবন্ধু না হলে আমরা স্বাধীনতা পেতাম না। স্বাধীননতার সুফল প্রত্যেক ঘরে ঘরে পৌঁছে দেওয়া আমাদের অঙ্গীকার হোক।

অপরদিকে দর্শনা ঐতিহ্যবাহী কেরু এ্যান্ড কোম্পানীর নানা আয়োজনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্মবার্ষিকী পালিত হয়েছে।

আজ রবিবার সকাল ৯ টায় দর্শনা কেরুজ ক্লাব মাঠে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পন করেন দর্শনা কেরুজ চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া, ফাইন্যাস অর্থ আব্দুস ছাত্তার, মিল কারখানার মহা ব্যাবস্থাপক সুমন কুমার সাহা, দর্শনা চিনিকলের মহা ব্যাবস্থাপক প্রশাসন এডি এম ইউসুফ আলী, কেরুজ শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদসহ শ্রমিক কর্মচারী বৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় ইট বোঝায় ট্র্যাক্টটরের চাকায় পিষ্ট হয়ে যুবক নিহত

চুয়াডাঙ্গার দর্শনায় ইট ভর্তি ট্র্যাকটররের চাকায় পিষ্ট হয়ে মিনারুল (১৮) নামের এক যুবক নিহত হয়েছে।নিহত মিনারুল দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের আকন্দবাড়িয়া নতুন পাড়ার সার্তকের ছেলে।

প্রত্যক্ষসুত্রে জনাযায়, আজ বুধবার (১৩ মার্চ) সকাল ১০ টার দিকে সুপার ভাটা থেকে ট্রলিতে ইট বোঝায় করে সুপার ভাটার ২শ গজ অদুরে দক্ষিন চাঁদপুর গ্রামের ড্রাইভার ফিনুর কাছ থেকে ট্রলিতে উঠতে যায়।

এ সময় মিনারুলের পা ফসকে চলন্ত ট্র্যাকটররের চাকার নিচে পড়ে যায়।এতে তার শরীলের উপর দিয়ে চলে যায়।সাথে সাথে তার বায়ু পথ দিয়ে নাড়িভুঁড়ি বেরিয়ে ঘটনাস্থলে যুবক মিনারুল নিহত হয়।স্থানীয়রা তাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিলে কর্তবত ডাক্টার তাকে মৃত্য ঘোষনা করে।নিহত মিনারুলের লাশ চুয়াডাঙ্গা সদর হাসপাতালে মর্গে আছে বলে জানাযায়। মিনারুলের অকাল মৃত্যুতে তার পরিবারসহ ঐ

গ্রামে নেমে এসেছে শোকের মাতম।

এ ঘটনায় দর্শনা থানার ওসি বিপ্লব কুমারসাহা ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, বিয়ষটি আমি শুনেছি তবে অভিযোগ পেলে আইনি ব্যাবস্থা নেওয়া হবে ভটা মালিকসহ ড্রাইভারের বিরুদ্ধে।

দর্শনায় স্বর্ন চোরাচালানী মামলায় কাউন্সিলর বিল্লাল গ্রেফতার

চুয়াডাঙ্গার দর্শনায় স্বর্ন চোরাচালানী মামলায় দর্শনা ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর বিল্লাল হোসেনকে (৩৫) গ্রেফতার করেছে দর্শনা থানা পুলিশ।

গ্রেফতারকৃত বিল্লাল হোসেন দর্শনা পৌরসভার শ্যামপুর গ্রামের নৃর ইসলামের ছেলে।

জানাযায়, আজ মঙ্গলবার বিকাল সাড়ে ৪ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহার নেতৃত্বে, অভিযান চালায় শ্যামপুর গ্রামে। এ সময় দর্শনা থানার সেকেন্ড অফিসার এস আই খান আব্দুর রহমান সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে কাউন্সিলর বিল্লাল হোসেনের নিজ বাড়িতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করে।

কাউন্সিলর বিল্লালের বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানায় ২০২১ সালের ১৯ আগষ্ট স্বর্ন চোরাচালানী নিয়মিত মামলার আসামি। যার নং জি আর ১০০/২১ মামলা নং ১০।

এ বিষয়ে দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা বলেন, তাকে গ্রেফতার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

# [redacted]

বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লে.কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পিএসসি মেইলে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তীর মাধ্যমে গণমাধ্যম কর্মীদের অবৈধ স্বর্ণেরবারসহ এক ব্যক্তিকে আটকের খবরটি জানান।

আটক ব্যক্তি হলো, জেলার দামুড়হুদা উপজেলার ঝাঁঝাডাঙ্গা গ্রামর মুজিবুর মন্ডলের ছেলে আল-মামুন মন্ডল (২৮)।

ব্যাটালিয়নের অধিনায়ক লে.কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান পিএসসি জানান, ভারতে স্বর্ণ চোরাচালান হবে এমন খবর পেয়ে তারই নেতৃত্বে একদল বিজিবি সদস্য সীমান্তের প্রধান খুঁটি ৭৮/৮-আর হতে আনুমানিক ২শ গজ বাংলাদেশের অভ্যান্তরে নাস্তিপুর গ্রামের রাস্তার ওপর অবস্থান নেয়। এদিন বিকালে প্রায় ৪টার দিকে বাইসাইকেলকযোগে এক ব্যক্তিক সীমান্তের দিকে যেতে দেখে বিজিবি সদস্যরা তাকে থামার জন্য বলে। সে বাইসাইকেলযোগে পালিয়ে যেতে চাইলে বিজিবি সদস্যরা তাকে আটক করে। ওই মুহুর্ত তার দেহ তল্লাশী করার সময় তার কোমর ১ কেজি ১৬৬ গ্রাম ওজনের ১০টি (১০০ ভরি) অবৈধ স্বর্ণেরবারের সন্ধান পায় বিজিবি সদস্যরা। এরপর তাকে অবৈধ স্বর্ণেরবারসহ আটক করা হয়।

আটক চোরাকারবারী ব্যক্তি আল-মামুন মন্ডলের বিরুদ্ধে বিজিবি সদস্য হাবিলদার আব্দুল হাকিম দর্শনা থানায় মামলা করে তাকে থানায় সোপর্দ করেছে এবং জব্দ করা অবৈধ স্বর্ণেরবার গুলো পরীক্ষার পর নিশ্চিত হয় চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করা প্রক্রিয়াধীন রয়েছে বলে তিনি জানান।

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে দর্শনায় সবুজ সংগঠনের মোটরসাইকেল র্যালি

ঐতিহাসিক ৭ই মার্চ উপলক্ষে দর্শনায় সবুজ সংগঠনের পক্ষ থেকে মোটরসাইকেল র্যালি করছে সংগঠনটি।